

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১২, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিচার শাখা-৪

প্রকাশন

তারিখ, ২৪শে পৌষ ১৪০৫ বাঃ/৭ই জানুয়ারী ১৯৯৯ ইং

এস, আর, ও, নং ৭-আইন/৯৯—সরকার ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮
সনের ৩ নং আইন) এর ৯ ধারার বিধান মতে এতেন্তবারা—

- ১। চট্টগ্রাম মহানগর এলাকার জন্য মহানগর সেশন আদালত প্রতিষ্ঠা করিল, যাহা আগামী
৯ই ফেব্রুয়ারী ১৯৯৯ সন হইতে কার্যকর হইবে।
- ২। চট্টগ্রাম মহানগর সেশন আদালতের কার্যস্থল, প্রবর্তনীতে ভিন্নরূপ আদেশ না হওয়া
পর্যন্ত, চট্টগ্রাম জেলাজজ আদালত ভবনে তদুদ্দেশ্যে নির্ধারিত অংশে অবস্থিত
হইবে।
- ৩। চট্টগ্রাম মহানগর আদালত এর স্থানীয় অধিক্ষেত্র হইবে ১৯৭৮ সালের চট্টগ্রাম মহানগর
প্রদলিশ অধ্যাদেশের (১৯৭৮ সালের ৪৮ নং অধ্যাদেশ) এ “মহানগর এলাকার” জন্য
প্রদত্ত সংজ্ঞার অন্তর্ভুক্ত এলাকা, যাহা বর্তমান (১) কোত্তালী, (২) ডেলমুরিং,
(৩) পাঁচলাইস, (৪) বলর, (৫) পাহাড়তলী, এবং (৬) চাঁদগাঁও ধানার সমন্বয়ে
গঠিত।
- ৪। চট্টগ্রাম মহানগর সেশন আদালত প্রতিষ্ঠিত ও কার্যকর হওয়ার সাথে সাথে চট্টগ্রাম
সেশন ডিভিশনের স্থানীয় অধিক্ষেত্র হইতে প্রবর্বতী দফায় উল্লেখিত এলাকা
বিলুপ্ত হইবে এবং তৎপরে চট্টগ্রাম সেশন ডিভিশনের সেশন আদালতে উক্ত এলাকা
হইতে উন্নত বিচারাধীন যাবতীয় ফৌজদারী মামলা মহানগর সেশন আদালতে
স্থানান্তরিত হইবে।

- ৫। অগ্র প্রজাপন এতদ্বিষয়ে ইতিপূর্বে ৯ই অগ্রহায়ণ, ১৪০৫ বাংলা মোতাবেক ২০শে
নভেম্বর, ১৯৯৮ ইং তারিখে প্রচারিত বিচার-৪/৫সি-১৬/৮৪ নং এবং এস, আর, ও
২৬৫-আইন/৯৮ নং প্রজাপন এবং স্থলাভিষিক্ত হইবে এবং পৰ্বে বিলিখিত প্রজাপনটি
এতন্বারা বার্তিল গণ্য হইবে।

বাস্তুপত্তির আদেশক্রমে

এ, কে, এম, ইসতিয়াক ইসাইন
উপ-সচিব (পঃ)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,
ঢাকা কর্তৃক মূল্যিত

মোঃ আরিফ জাবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।